

দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ে আওতায় ২০১৩-১৪ অর্থবছরের এডিপিভুক্ত সমাপ্ত প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনের ওপর মন্ত্রণালয়/বিভাগ ভিত্তিক সার-সংক্ষেপ

ক্রঃ নং	মন্ত্রণালয়/বিভাগের নাম	মোট সমাপ্ত প্রকল্পের সংখ্যা	সমাপ্ত প্রকল্পের ধরণ			মূল সময় ও ব্যয়ের তুলনায়				
			বিনিয়োগ প্রকল্পের সংখ্যা	কারিগরী সহায়তা প্রকল্পের সংখ্যা	জেডিসিএফ ভুক্ত প্রকল্পের সংখ্যা	সময় ও ব্যয় উভয়ই অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	সময় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ	ব্যয় অতিক্রান্ত প্রকল্পের সংখ্যা	ব্যয় অতিক্রান্তের শতকরা হার (%) সর্বনিম্ন - সর্বোচ্চ
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১
০১।	দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়	০১	-	০১	-	-	-	-	০১	১৪.৩৬

১। সমাপ্ত প্রকল্পের সংখ্যা : ০১

২। সমাপ্ত প্রকল্পের ব্যয় ও মেয়াদ বৃদ্ধির কারণ : প্রকল্পটি অনুমোদিত মেয়াদের মধ্যে বাস্তবায়িত হয়েছে।

৩। সমাপ্তকৃত প্রকল্প বাস্তবায়নের ক্ষেত্রে প্রধান প্রধান সমস্যা ও সুপারিশ:

সমস্যা	সুপারিশ
৩.১ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে অপারেশনস সাপোর্ট টু দা ইমপ্লয়মেন্ট জেনারেশন প্রোগ্রাম ফর দ্যা পুওরেস্ট (১ম সংশোধিত) প্রকল্পের নথিপত্রসমূহ যথাযথভাবে সংরক্ষণ করা হয়নি।	৩.১ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে অপারেশনস সাপোর্ট টু দা ইমপ্লয়মেন্ট জেনারেশন প্রোগ্রাম ফর দ্যা পুওরেস্ট (১ম সংশোধিত) প্রকল্পের সংশ্লিষ্ট সকল নথিপত্র যথাযথভাবে সংরক্ষণ করতে হবে।

**অপারেশনস সাপোর্ট টু দ্য ইমপ্লয়মেন্ট জেনারেশন প্রোগ্রাম ফর দ্যা পুওরেস্ট (১ম সংশোধিত) শীর্ষক
সমাপ্তি মূল্যায়ন প্রতিবেদন
(সমাপ্তঃ জুন, ২০১৪)**

- ১। প্রকল্পের নাম : অপারেশনস সাপোর্ট টু দ্য ইমপ্লয়মেন্ট জেনারেশন প্রোগ্রাম ফর দ্যা পুওরেস্ট (১ম সংশোধিত)
- ২। বাস্তবায়নকারী সংস্থা : দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৩। প্রশাসনিক মন্ত্রণালয় : দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়
- ৪। প্রকল্প এলাকা : সমগ্র বাংলাদেশ

৫। প্রকল্পের বাস্তবায়নকাল ও ব্যয়:

(লক্ষ টাকায়)

অনুমোদিত ব্যয়		প্রকৃত ব্যয় মোট টাকা প্রঃ সাঃ	অনুমোদিত বাস্তবায়নকাল		প্রকৃত বাস্তবায়নকাল	অতিক্রান্ত ব্যয় (মূল অনুমোদিত ব্যয়ের %)	অতিক্রান্ত সময় (মূল বাস্তবায়ন কালের %)
মূল মোট টাকা প্রঃ সাঃ	সর্বশেষ সংশোধিত (১ম) মোট টাকা প্রঃ সাঃ		মূল	সর্বশেষ সংশোধিত			
১	২	৩	৪	৫	৬	৭	৮
৩৬৬০.৪১	৪৬৯৩.৪২	৪১৮৬.২০	১৫ জানুয়ারি ২০১১ হতে ৩১ ডিসেম্বর ২০১৩ পর্যন্ত	১৫ জানুয়ারি ২০১১ হতে ৩০ জুন ২০১৪ পর্যন্ত	১৫ জানুয়ারি ২০১১ হতে ৩০ জুন ২০১৪ পর্যন্ত	-	-
৩৭.৩৭	৮৭.৩৭	৫০.৬১					
৩৬২৩.০৪	৪৬০৬.০৫	৪১৩৫.৫৯					

৬। প্রকল্পের অর্থায়নঃ

প্রকল্পটি জিওবি ও বিশ্ব ব্যাংক এর অর্থায়নে বাস্তবায়িত হয়েছে। প্রকল্পটির মোট অনুমোদিত ব্যয় ৪,৬৯৩.৪২ লক্ষ টাকা। এর মধ্যে জিওবি ৮৭.৩৭ লক্ষ টাকা ও প্রকল্প সাহায্য ৪৬০৬.০৫ লক্ষ টাকা।

৭। কাজের অঙ্গভিত্তিক বাস্তবায়ন (পিসিআর অনুযায়ী এবং আরটিপিপি মোতাবেক): পরিশিষ্ট-‘ক’

৮। কাজ অসমাপ্ত থাকলে তার কারণঃ

প্রকল্পের সমাপ্তি প্রতিবেদন (PCR), সরেজমিন পরিদর্শন ও সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা করে জানা যায়, সংশোধিত টিপিপি’র লক্ষ্যমাত্রা অনুযায়ী সকল কাজ সমাপ্ত হয়েছে।

৯। প্রকল্পের পটভূমি, উদ্দেশ্য ও মূল কার্যক্রমঃ

৯.১। প্রকল্প গ্রহণের পটভূমিঃ বাংলাদেশের অতি দরিদ্র জনগোষ্ঠীর মধ্যে নদীভাঙ্গন, চরাঞ্চল, উপকূলবর্তী ও মজাপীড়িত এলাকায় মৌসুমী বেকারত্ব/দারিদ্র্যের সংখ্যা সর্বাধিক। এ সকল এলাকার দরিদ্র জনগোষ্ঠী সাধারণত অক্টোবর হতে ডিসেম্বর পর্যন্ত ০৩(তিন) মাস এবং মার্চ হতে এপ্রিল পর্যন্ত ০২(দুই) মাস সর্বমোট ০৫ (পাঁচ) মাস সময় প্রায় কর্মহীন থাকে। কর্মহীন থাকায় তাদের ক্রয়ক্ষমতা হ্রাস পায়। ফলে এ সময় তাদের অর্থাহারা/অনাহারে দিন কাটাতে হয়। এ সব দরিদ্র জনগোষ্ঠীর একটি অংশ সরকার কর্তৃক গৃহীত সামাজিক নিরাপত্তা বেটনী যথা - Cash for Work, Food for Work, Test Relief, VGF, VGD, ইত্যাদির মাধ্যমে সুবিধা পেয়ে থাকে। এ ছাড়া বিভিন্ন সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত ক্ষুদ্র ঋণ গ্রহণের মাধ্যমে

অনেকে আত্মকর্মসংস্থানের সুযোগ পেয়ে থাকে। কিন্তু যে সব দরিদ্র জনগণ এসকল কর্মসূচির কোনটাতেই অন্তর্ভুক্ত হতে পারে না তারা উল্লিখিত মাসসমূহে কোন উপার্জন করতে পারে না বিধায় এ সব সুবিধা বঞ্চিত গ্রামীণ দরিদ্র বেকার জনগণের জন্য দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের আওতায় রাজস্ব খাতে “অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি” শিরোনামে কাজের বিনিময়ে মজুরি প্রদান কার্যক্রম বাস্তবায়নাধীন আছে। অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি আরও সফলভাবে বাস্তবায়নের জন্য এবং কর্মসূচি পরিচালনায় বিদ্যমান তদারকি, পরিবীক্ষণ ও রিপোর্টিং ব্যবস্থা জোরদার করার জন্য জিওবি ও বিশ্ব ব্যাংকের অর্থায়নে “অপারেশনস সাপোর্ট টু দ্য ইমপ্রুভমেন্ট জেনারেশন প্রোগ্রাম ফর দ্যা পুওরেস্ট ” শীর্ষক কারিগরি সহায়তা প্রকল্পটি গ্রহণ করা হয়েছে।

৯.২। প্রকল্পের উদ্দেশ্যঃ

- (ক) অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি সুষ্ঠু বাস্তবায়নের জন্য মাঠ পর্যায়ে তদারকি বৃদ্ধি, রিপোর্টিং ও মনি টরিং শক্তিশালীকরণ;
- (খ) উপকারভোগী নির্বাচন এবং সেবা প্রদানের ক্ষমতা উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন পর্যায়ে (কেন্দ্রীয়, জেলা, উপজেলা ইউনিয়ন) ইজিপিপি সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডারদের (পিআইসি প্রতিনিধিসহ) প্রশিক্ষণ প্রদান;
- (গ) EGPP এর আওতায় সকল কর্মকান্ডের গুনগতমান নিশ্চিত করা;
- (ঘ) বিদ্যমান সামাজিক নিরাপত্তা বেটনীর রিভিউ করা;
- (চ) সামাজিক নিরাপত্তা বেটনীর বিদ্যমান ব্যবস্থাপনা কাঠামো শক্তিশালীকরণ; এবং
- (ছ) সহজবোধ্য, স্বচ্ছ এবং উদ্ভাবনীমূলক পেইমেন্ট সিস্টেম উন্নয়ন।

৯.৩। প্রকল্পের মূল কার্যক্রমঃ

- (ক) “অতি দরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি” এর মনিটরিং ও রিপোর্টিং জোরদারকরণ;
- (খ) ৩৩৪ জন ফিল্ড সুপারভাইজার, ১৪ জন সাপোর্টিং স্টাফ, ৫ জন বিশেষজ্ঞ, ৪ জন গাড়িচালক, ১টি ট্রেনিং ফার্ম ও ১টি এমআইএস ফার্ম নিয়োগ;
- (গ) ৩৩৪টি মোটর সাইকেল, ১টি জীপ, ১টি ডাবল কেবিন পিক-আপ এবং ২টি মাইক্রোবাস ক্রয়; এবং
- (ঘ) বিভিন্ন পর্যায়ে ইজিপিপি সংশ্লিষ্ট স্টেকহোল্ডারদেরকে প্রশিক্ষণ প্রদান।

১০। প্রকল্পের অনুমোদন ও সংশোধনঃ আলোচ্য প্রকল্পটি ১৪/০৭/২০১০ তারিখে অনুষ্ঠিত পিইসি সভার সিদ্ধান্ত অনুযায়ী মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক ০৩/০১/২০১১ তারিখে অনুমোদিত হয় এবং ১ম সংশোধিত টিপিপি ১৩/০৯/২০১২ তারিখে মাননীয় পরিকল্পনা মন্ত্রী কর্তৃক অনুমোদিত হয়।

১১। সংশোধিত এডিপি বরাদ্দ (পিসিআর অনুযায়ী)

(লক্ষ টাকায়)

অর্থ বছর	সংশোধিত এডিপি বরাদ্দ			টাকা অবমুক্তি	ব্যয়		
	মোট	টাকা	প্রঃসাঃ		মোট	টাকা	প্রঃসাঃ
২০১০-২০১১	৫৯৯.০০	৫.০০	৫৯৪.০০	৫৯৯.০০	১৫.৩০	৫.০০	১০.৩০
২০১১-২০১২	১২১৩.০০	১৩.০০	১২০০.০০	১২১৩.০০	১২৫৬.৭২	১০.৬৪	১২৪৬.০৮
২০১২-২০১৩	১৬৪০.০০	৪০.০০	১৬০০.০০	১৬৪০.০০	১১৪৮.৪৬	১২.৮২	১১৩৫.৬৪
২০১৩-২০১৪	১৯৫৯.০০	৫৯.০০	১৯০০.০০	১৯৫৯.০০	১৭৬৫.৭২	২২.১৫	১৭৪৩.৫৭
মোট =	৫৪১১.০০	১১৭.০০	৫২৯৪.০০	৫৪১১.০০	৪১৮৬.২০	৫০.৬১	৪১৩৫.৫৯

১২। মূল্যায়ন পদ্ধতি (Methodology): প্রকল্পের মূল্যায়ন প্রতিবেদনটি প্রণয়নে নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করা হয়েছেঃ

- অনুমোদিত প্রকল্প ছক পর্যালোচনা;
- মন্ত্রণালয় কর্তৃক প্রেরিত প্রকল্পের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা;
- পিসিআর পর্যালোচনা;
- spec সভার কার্যবিবরণী পর্যালোচনা;
- কাজের বাস্তব অগ্রগতি যাচাই এবং তথ্য সংগ্রহের জন্য সরেজমিন পরিদর্শন; এবং
- প্রাপ্ত তথ্যের ভিত্তিতে সংশ্লিষ্ট কর্মকর্তাদের সাথে আলোচনা।

১৩। প্রকল্প পরিচালক সম্পর্কিত তথ্যঃ

ক্র: নং	প্রকল্প পরিচালকের নাম	পূর্ণকালীন/খন্ডকালীন	মেয়াদকাল
১	জনাব বাসুদেব আচার্য যুগ্ম-সচিব ও প্রকল্প পরিচালক	পূর্ণকালীন	১৫/০১/২০১১ হতে ১৪/১২/২০১১
২	জনাব মোঃ আব্দুল কুদ্দুছ অতিরিক্ত সচিব ও প্রকল্প পরিচালক	পূর্ণকালীন	১৪/১২/২০১১ হতে সমাপ্তিকাল পর্যন্ত।

১৪। সাধারণ পর্যবেক্ষণঃ

১৪.১। প্রকল্পের কার্যক্রম বাস্তবায়নঃ

প্রকল্পের কার্যক্রম সরেজমিন পরিদর্শনের জন্য ২০/০৮/২০১৫ তারিখে প্রকল্প কার্যালয় দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর পরিদর্শন করা হয়। পরিদর্শন কালে প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত থেকে কারিগরী সহায়তা শীর্ষক প্রকল্পটির বিভিন্ন দিক বর্ণনা করেন।

১৪.২। ফিল্ড সুপারভাইজার নিয়োগঃ

“অপারেশনস সাপোর্ট টু দ্য ইমপ্লয়মেন্ট জেনারেশন প্রোগ্রাম ফর দ্যা পুওরেস্ট” শীর্ষক প্রকল্পে ৩৩৪ জন ফিল্ড সুপারভাইজার নিয়োগ করা হয়। সুপারভাইজার নিয়োগের ফলে অতিদরিদ্রদের কর্মসংস্থান কর্মসূচির বাস্তবায়ন তদারকি, মনিটরিং এবং রিপোর্টিং ব্যবস্থা উন্নত হয়েছে।



প্রকল্পের আওতায় ফিল্ড সুপারভাইজারদের প্রশিক্ষণ

১৪.৩। প্রশিক্ষণঃ

প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাদের নিকট হতে জানা যায় যে , প্রকল্পটির আওতায় দেশের ৫০টি জেলার ইউনিয়ন পর্যায়ে সকল স্টেকহোল্ডার এবং ফিল্ড সুপারভাইজারদের জন্য প্রশিক্ষণ প্রোগ্রাম পরিচালিত হয়েছে। এছাড়াও কেন্দ্রীয় এবং জেলা পর্যায়ে কর্মশালা ও সেমিনার আয়োজন করা হয়েছে। প্রকল্পে ১টি প্রশিক্ষণ পরামর্শকারী প্রতিষ্ঠান নিয়োগ করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠান, দুইটি TOT course এর মাধ্যমে ৫০ জন প্রশিক্ষককে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে প্রশিক্ষণ প্রদান করেছে। এছাড়াও উক্ত প্রতিষ্ঠান প্রশিক্ষণ মডিউল, ম্যানুয়াল, প্রশিক্ষক নির্দেশিকা সহ সকল উপকরণ প্রস্তুত করে মাঠ পর্যায়ে বিতরণ করে। প্রকল্পের আওতায় দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় এবং প্রকল্প পরিচালকের দপ্তর এর ১২ জন কর্মকর্তার সক্ষমতা বৃদ্ধির জন্য প্রকল্পটির বৈদেশিক প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়।

১৪.৪। এম আই এস উন্নয়নঃ

অপারেশনস সাপোর্ট টু দ্য ইমপ্লয়মেন্ট জেনারেশন প্রোগ্রাম ফর দ্যা পুওরেস্ট প্রকল্পের মাধ্যমে একটি এম আই এস ডাটাবেইজ প্রনয়ন করা হয়েছে। মাঠ পর্যায়ে উপকারভোগীদের তালিকা এম আই এস ডাটাবেইজে লিপিবদ্ধ করা হয়েছে। এতে মাঠ পর্যায়ে উপকারভোগীদের তালিকা, উপকারভোগীদের হাজিরার তথ্য, প্রকল্পের তালিকা, উপকারভোগীদের মজুরী সহ যাবতীয় তথ্যাদি সংরক্ষণ করা যায়। তাছাড়া মাঠ পর্যায়ে হতে রিপোর্ট / রিটার্ন সংগ্রহের কাজ উক্ত এম আই এস দ্বারা সুষ্ঠুভাবে সম্পন্ন করা যায়।

১৪.৫। পেমেন্ট সিস্টেমঃ

প্রকল্পে মোবাইল ফোনের মাধ্যমে একটি পেমেন্ট সিস্টেম পাইলট প্রকল্প আকারে গ্রহণ করা হয় যার মাধ্যমে উপকারভোগীদের প্রতিদিনের হাজিরাসহ মোবাইল ফোনের মাধ্যমে মজুরী প্রদান করা হয়।

১৪.৬। স্থানীয় পরামর্শকঃ

প্রকল্পে এম আই এস ও প্রশিক্ষণ প্রদানের জন্য স্থানীয় পরামর্শক নিয়োগ করা হয়। যা র মাধ্যমে একটি এম আই এস ডাটাবেইজ প্রণয়ন এবং মাঠ পর্যায়ে সক্ষমতা বৃদ্ধির জন্য প্রশিক্ষণ প্রদান করা হয়।

১৪.৭। সম্পদ সংগ্রহঃ

প্রকল্পের আওতায় নিম্নলিখিত যানবাহন, যন্ত্রপাতি এবং আসবাবপত্র সংগ্রহ করা হয়।

(লক্ষ টাকায়)

ক্র: নং	অংগের নাম	সংখ্যা	ব্যয়
১	কম্পিউটার যন্ত্রপাতি (প্রিন্টার, ইউপিএস)	৩৪৭ টি	২৪০.৯৬
২	মোটর সাইকেল	৩৩৪ টি	৩৯৮.৯৩
৩	যানবাহন (১টি জীপ, ২টি মাইক্রোবাস, ১টি পিকআপ)	০৪ টি	১৫২.৭২
৪	আসবাবপত্র (হেড অফিস)	থোক	৫.১১
৫	ইন্টারনেট মডেম পেন ড্রাইভ	৩৪৭ টি	১৯.১৭
৬	সার্ভার (ল্যান ও ইন্টারনেট সংযোগ)	০১ টি	১.২০
৭	এম আই এস হার্ডওয়্যার	থোক	৪৫.৮৪
৮	ফটোকপিয়ার	০১ টি	১.৪৪
৯	ফ্যাক্স মেশিন	০৪ টি	১.১৯
১০	স্ক্যানার	০২ টি	০.৩৮
১১	এলসিডি প্রজেক্টর	০১ টি	১.৬৯
১২	ডিজিটাল ক্যামেরা	০২ টি	০.৬৭

১৫। প্রকল্পের উদ্দেশ্য অর্জন (পিসিআর মোতাবেক):

অনুমোদিত	অর্জিত
অতিদরিদ্রদের জন্য কর্মসংস্থান কর্মসূচি সৃষ্টি বাস্তবায়নের জন্য মাঠ পর্যায়ে তদারকি বৃদ্ধি, রিপোর্টিং ও মনিটরিং শক্তিশালীকরণ;	ইজিপিপি কার্যক্রম সৃষ্টিভাবে পর্যবেক্ষণ, তত্ত্বাবধান ও রিপোর্টিং শক্তিশালীকরণের জন্য আলোচ্য টি এ প্রকল্পের আওতায় মাঠ পর্যায়ে ৩৩৪টি উপজেলায় ৩৩৪ জন ফিল্ড সুপারভাইজার নিয়োগ করা হয়। এছাড়া তাদের সকলকে ১টি করে কম্পিউটার এবং ১টি করে মটরসাইকেল প্রদান করা হয়। ফিল্ড সুপারভাইজারগণের তত্ত্বাবধানে ইজিপি কর্মসূচীর পর্যবেক্ষণ, তদারকি ও বাস্তবায়ন প্রক্রিয়ার কাজ এবং রিপোর্ট / রিটার্ন সংগ্রহের মান জোরদার ও উন্নত করা হয়েছে।
উপকারভোগী নির্বাচন এবং সেবা প্রদানের ক্ষমতা উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন পর্যায়ে কেন্দ্রীয়, জেলা, উপজেলা ইউনিয়ন ইজিপিপি সংশ্লিষ্ট সকল স্টেকহোল্ডারদের (পিআইসি প্রতিনিধিসহ) প্রশিক্ষণ প্রদান;	৫০ জেলার ইউনিয়ন পর্যায়ে সকল স্টেকহোল্ডার এবং ফিল্ড সুপারভাইজারদের জন্য প্রশিক্ষণ প্রোগ্রাম পরিচালিত হয়েছে। এছাড়াও কেন্দ্রীয় এবং জেলা পর্যায়ে কর্মশালা ও সেমিনার, করা হয়েছে। একটি প্রশিক্ষণ পরামর্শকারী প্রতিষ্ঠান নিয়োগ করা হয়েছে। উক্ত প্রতিষ্ঠান, দুইটি TOT course এর মাধ্যমে ৫০ জন প্রশিক্ষককে উপজেলা ও ইউনিয়ন পর্যায়ে প্রশিক্ষণ দিয়েছে। এছাড়াও উক্ত প্রতিষ্ঠান প্রশিক্ষণ মডিউল, ম্যানুয়াল, প্রশিক্ষক নির্দেশিকা সহ সকল উপকরণ প্রস্তুত করে মাঠ পর্যায়ে বিতরণ করে।
EGPP এর আওতায় সকল কর্মকাল্ডের গুণগতমান নিশ্চিত করা;	ইজিপিপি কার্যক্রম সৃষ্টিভাবে পর্যবেক্ষণ, তত্ত্বাবধান ও রিপোর্টিং শক্তিশালীকরণের জন্য মাঠ পর্যায়ে ৩৩৪ জন ফিল্ড সুপারভাইজার নিয়োগ করা হয়। তাছাড়া তাদের সকলকে ইজিপিপি এর সুপারভিশন ও মনিটরিং এর গুণগত মান নিশ্চিত করার জন্য মটরসাইকেল, কম্পিউটার, ইন্টারনেট মডেম এবং পেন ড্রাইভ প্রদান করা হয়।

অনুমোদিত	অর্জিত
বিদ্যমান সামাজিক নিরাপত্তা বেটনীর রিভিউ করা	ইজিপিপি সরকারের বৃহত্তম এবং সফল নিরাপত্তা বেটনীর কর্মসূচির একটি। দেশে বিদ্যমান অন্যান্য নিরাপত্তা বেটনীর কর্মসূচির তুলনায় ইজিপিপি এর সুবিধাভোগী নির্বাচন, প্রকল্প নির্বাচন, বাস্তবায়ন পদ্ধতি, উন্নত পর্যবেক্ষণ ও তদারকি এবং সামগ্রিক পেমেন্ট সিস্টেম পৃথক ব্যাংক একাউন্টের মাধ্যমে সুবিধাভোগীদের মজুরী নিশ্চিতকরণ সংক্রান্ত বিষয় কর্মসূচীটিকে স্বচ্ছ, জবাবদিহিমূলক ও সফলভাবে বাস্তবায়িত হতে সাহায্য করেছে। দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়ের আওতায় ৫টি সামাজিক নিরাপত্তা কর্মসূচী বাস্তবায়িত আছে। এসব কর্মসূচীর মধ্যে অতি দরিদ্রদের কর্মসংস্থান, কর্মসূচী, কাবিখা, টিআর, জিআর ও ভিজিএফ কর্মসূচী এর আওতায় ২০১২-১৩ অর্থ বছরে ৫৪০০ কোটি টাকার অধিক বরাদ্দ প্রদান করা হয়েছে। IFPRI এর জরিপ মোতাবেক অন্যান্য কর্মসূচীর তুলনায় ইজিপির পেইমেন্ট সিস্টেম অধিকতর স্বচ্ছ এবং অন্যান্য কর্মসূচীর তুলনায় এ কর্ম সূচীর আওতায় সুবিধাভোগীর সংখ্যা অধিক।
সহজবোধ্য, স্বচ্ছ এবং উদ্ভাবনীমূলক পেইমেন্ট সিস্টেম উন্নয়ন	প্রকল্পে মোবাইল ফোনের মাধ্যমে একটি পেমেন্ট সিস্টেম পাইলট প্রকল্প আকারে গ্রহণ করা হয়। যার মাধ্যমে উপকারভোগীদের প্রতিদিনের হাজিরাসহ মোবাইল ফোনের মাধ্যমে মজুরী প্রদান করা হয়।



দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক বাস্তবায়িত অপারেশনস সাপোর্ট টু দা ইমপ্লয়মেন্ট জেনারেশন প্রোগ্রাম ফর দ্যা পুওরেন্ট (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের নথিপত্রের চিত্র

১৬। বাস্তবায়ন সমস্যাঃ

১৬.১ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে অপারেশনস সাপোর্ট টু দা ইমপ্লয়মেন্ট জেনারেশন প্রোগ্রাম ফর দ্যা পুওরেন্ট (১ম সংশোধিত) প্রকল্পের নথিপত্রসমূহ যথাযথভাবে সংরক্ষণ করা হয়নি। প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তাগণের নিকট হতে প্রাপ্ত তথ্যে জানা গেছে যে, বর্তমানে অধিদপ্তরে উর্দ্ধমুখী সম্প্রসারণের কার্যক্রম এর কাজ অব্যাহত আছে যা সম্পন্ন হলে প্রকল্পের নথিপত্রসমূহ যথাযথভাবে সংরক্ষণ করা হবে;

- ১৬.২ অপারেশনস সাপোর্ট টু দা ইমপ্লয়মেন্ট জেনারেশন প্রোগ্রাম ফর দ্যা পুওরেন্স্ট (১ম সংশোধিত) শীর্ষক প্রকল্পের আওতায় NCS4-date June 28, 2012 (Hiring event management firm), GD14 Date: April 23, 2012 (Interior decoration (partition, ceiling etc)), GD15- Date: January 16, 2012 (Procurement of air cooler and pedestal fan) শীর্ষক Contract এর বিষয়ে বিশ্বব্যাপক Mis-procurement বলে অভিযোগ করেছে;
- ১৬.৩ প্রকল্প সংশ্লিষ্ট কর্মকর্তা জানিয়েছেন যে, প্রকল্পের External Audit সম্পন্ন হয়েছে কিন্তু External Audit এর কপি প্রদর্শন করতে পারেনি; এবং
- ১৬.৪ প্রকল্পের পিসিআর এ প্রকল্প পরিচালক সংক্রান্ত তথ্যে ত্রুটি-বিচ্যুতি পরিলক্ষিত হয়। অনুমোদিত আরটিপিপিতে ১৪ জন কর্মচারী ৪ জন ড্রাইভার এবং ৩৩৪ জন ফিল্ড সুপারভাইজার সহ মোট ৩৫২ জনের বেতন বাবদ ১৫৫৭.১২ লক্ষ টাকা সংস্থান আছে কিন্তু পিসিআর এর অনুচ্ছেদ ৫ এ আরটিপিপি 'র কম্পোনেন্টভিত্তিক অগ্রগতি সংক্রান্ত ছকে প্রকল্পের ৩৫২ জন কর্মচারীর বেতন বাবদ বরাদ্দ ১৫৫৭.১২ লক্ষ টাকা প্রদর্শন করা হয়েছে। এছাড়া পিসিআর এর সকল অনুচ্ছেদ (Descriptive Report অংশ) পূরণ করা হয়নি।

১৭। সুপারিশঃ

- ১৭.১ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তরে অপারেশনস সাপোর্ট টু দা ইমপ্লয়মেন্ট জেনারেশন প্রোগ্রাম ফর দ্যা পুওরেন্স্ট (১ম সংশোধিত) প্রকল্পের সংশ্লিষ্ট সকল নথিপত্র যথাযথভাবে সংরক্ষণ করতে হবে;
- ১৭.২ অপারেশনস সাপোর্ট টু দা ইমপ্লয়মেন্ট জেনারেশন প্রোগ্রাম ফর দ্যা পুওরেন্স্ট (১ম সংশোধিত) প্রকল্পের আওতায় NCS4-date June 28, 2012 (Hiring event management firm), GD14 Date: April 23, 2012 (Interior decoration (partition, ceiling etc)), GD15- Date: January 16, 2012 (Procurement of air cooler and pedestal fan) শীর্ষক Contract এর বিষয়ে বিশ্বব্যাপক আনীত Mis procurement অভিযোগের বিষয়ে দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয় কর্তৃক কি ব্যবস্থা গ্রহণ করা হয়েছে এ বিষয়ে আইএমইডি কে অবহিত করতে হবে;
- ১৭.৩ সমাপ্ত প্রকল্পটির External Audit প্রতিবেদন এর কপি আইএমই বিভাগে প্রেরণ করতে হবে; এবং
- ১৭.৪ ভবিষ্যতে বাস্তবায়নকারী সংস্থাকে নির্ভুল তথ্য সম্বলিত পিসিআর প্রেরণে সচেষ্ট থাকা র বিষয়ে মন্ত্রণালয় কর্তৃক প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করতে হবে।

পরিশিষ্ট “ক”

(লক্ষ টাকায়)

ক্রঃ নং	অংগের নাম	একক	টিপিপি অনুযায়ী অংগের প্রাক্কলন		প্রকৃত বাস্তবায়ন	
			বাস্তব	আর্থিক	বাস্তব	আর্থিক
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)	(৭)
	রাজস্ব :					
১।	অফিসারদের বেতন	০২	০২	৪৩.৪৭	০২	৪৩.৪৭
২।	কর্মচারী(১৪ জন), ড্রাইভার (৪জন), ফিল্ড সুপারভাইজার(৩৩৪ জন) এর বেতন	৩৫২	৩৫২	১৫৫৭.১২	৩৫২	১৫৪৮.১২
৩।	এফ এম বিশেষজ্ঞ	০১	০১	৬৬.০০	০১	৬৩.৮১
৪।	প্রকিউরমেন্ট বিশেষজ্ঞ	০১	০১	৩৮.০০	০১	৩৫.০১
৫।	এম আই এস বিশেষজ্ঞ	০১	০১	৩২.০০	০১	২৮.৫০
৫।	প্রশিক্ষণ বিশেষজ্ঞ	০১	০১	৩২.০০	০১	২৮.৫০
৭।	পরিচালনা খরচ (ফিল্ড অফিস)	থোক	থোক	৬৭৭.২৯	থোক	৬৩৯.১৬
৮।	পরিচালনা খরচ (হেড অফিস)	থোক	থোক	১৮৫.৮১	থোক	১২৩.৬৪
৯।	সভা এবং সম্মানী	থোক	থোক	৮.৮১	থোক	৮.৭৭
১০।	এম আই এস (উন্নয়ন)	০১	০১	৩৬৯.০০	০১	৩৬৮.৭৫
১১।	প্রশিক্ষণ	থোক	থোক	২৩৭.৫০	থোক	১৭০.৫২
১২।	সাধারণ পোস্ট অফিস ফিঃ (MDTF)	থোক	থোক	১২০.০০	থোক	৩৭.৯১
১৩।	পেমেন্ট সিস্টেম (MDTF)	থোক	থোক	১৬০.০০	থোক	১১১.৮১
১৪।	পরিবীক্ষণ পদ্ধতি (MDTF)	থোক	থোক	১৬০.০০	থোক	২৬.৯৮
১৫।	পরিচালনা ব্যয় (হেড অফিস) MDTF	থোক	থোক	৩৪.০০	থোক	৩.৭৪
১৬।	কম্পিউটার যন্ত্রপাতি (প্রিন্টার, ইউপিএস)	৩৪৭	৩৪৭	২৪১.০০	৩৪৭	২৪০.৯৬
১৭।	মোটর সাইকেল	৩৩৪	৩৩৪	৪০০.৫৪	৩৩৪	৩৯৮.৯৩
১৮।	যানবাহন	০৪	০৪	১৫২.৮৬	০৪	১৫২.৭২
১৯।	আসবাবপত্র (হেড অফিস)	থোক	থোক	৬.৮২	থোক	৫.১১
২০।	হেড অফিস সেট-আপ (পার্টিশন সিলিং ইত্যাদি)	থোক	থোক	০.৪১	থোক	--
২১।	ইন্টারনেট মডেম পেন ড্রাইভ	৩৪৭	৩৪৭	১৯.১৮	৩৪৭	১৯.১৭
২২।	সার্ভার (ল্যান ও ইন্টারনেট সংযোগ)	০১	০১	১.৫০	০১	১.২০
২৩।	এম আই এস হার্ডওয়ার	থোক	থোক	৫৪.৩৪	থোক	৪৫.৮৪
২৪।	ফটোকপিয়ার	০১	০১	১.৪৪	০১	১.৪৪
২৫।	ফ্যাক্স মেশিন	০৪	০৪	১.১৯	০৪	১.১৯
২৬।	স্ক্যানার	০২	০২	০.৩৮	০২	০.৩৮
২৭।	এলসিডি প্রজেক্টর	০১	০১	১.৬৯	০১	১.৬৯
২৮।	ডিজিটাল ক্যামেরা	০২	০২	০.৬৭	০২	০.৬৭
২৯।	মূলধন কন্ট্রোলিং (প্রচার উপকরণ)	থোক	থোক	৫০.০০	থোক	--
৩০।	এম আই এস (ডেটা এন্ট্রি)	থোক	থোক	৪০.৫০	থোক	৩৮.২০
	সর্বমোট =			৪৬৯৩.৪২		৪১৮৬.২০